# প্রসপেক্টাস-২০২৫

## النَّشْرَةُ التَّعْرِيْفِيَّةُ – ١٤٤٦/ ١٤٤٧

## আল-জামি‘আহ আস-সালাফিয়্যাহ

## الجامعة السلفية

## Al-Jamiah As-Salafiyah

(একটি যুগোপযোগী মানসম্মত ইসলামী শিক্ষা প্রতিষ্ঠান)

**www.jamiah.nirf.org.bd**

## ভূমিকা

اَلْحَمْدُ لله وَحْدَهُ وَالصَّلَاةُ وَالسَّلَامُ عَلٰى مَنْ لَا نَبِيَّ بَعْدَهُ، أَمَّا بَعْدُ:

শিক্ষা মানব সমাজের সবচেয়ে মূল্যবান সম্পদ। ভালো চাকরি প্রাপ্তি, দারিদ্র্যমুক্ত সমাজ প্রতিষ্ঠা, উন্নত দেশ গঠন, সভ্য জাতি বিনির্মাণ সবকিছুর মূলমন্ত্র হচ্ছে শিক্ষা। বর্তমানে দেশে আগের তুলনায় শিক্ষিতের হার অনেক বেড়েছে। এখন সবাই শিক্ষার গুরুত্ব বুঝেন। পিতা-মাতা নিজের অর্জিত অধিকাংশ সম্পদ সন্তানের লেখাপড়ায় ব্যয় করেন। এস.এস.সি, এইচ.এস.সি পরীক্ষায় সন্তানের জি.পি.এ-৫ অর্জনের জন্য নির্দ্বিধায় টাকা ব্যয় করে যান। তাদেরকে বিভিন্ন সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়, মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং বিশ্ববিদ্যালয় ও কলেজে ভর্তি করাতে লক্ষ লক্ষ টাকা খরচ করেন। আইন, চিকিৎসা বিজ্ঞান, ইঞ্জিনিয়ারিং, বি.বি.এ, এম.বি.এ ইত্যাদি বিষয়ে উচ্চ ডিগ্রি অর্জনের জন্য তাদের বিদেশে পাঠান। কিন্তু এত কিছুর ফলাফল কী?

সম্মানিত অভিভাবক! যদিও আমরা সাধারণ শিক্ষাকে 'না' বলছি না। কিন্তু একটি ভালো চাকরিই কি শিক্ষার মূল লক্ষ্য? বাড়ি-গাড়ি, জায়গা-জমি, অঢেল সম্পদের মালিক হওয়াই কি শিক্ষার মৌলিক সফলতা? ভালো চাকরি দিয়ে কী হবে, যদি মা-বাবাকে বৃদ্ধাশ্রমে ধুঁকে ধুঁকে মরতে হয়। বাবার কঠোর পরিশ্রম আর মায়ের অলঙ্কার বিক্রি করা টাকায় পড়াশোনা করে যদি তাদেরকেই অবমূল্যায়ন করা হয়, তাহলে চাকরি দিয়ে লাভ কী? স্ত্রী যদি নিজের স্বামী ও সন্তান ফেলে অন্যত্র চলে যায়, তবে বাড়ি-গাড়ি দিয়ে কী হবে? উন্নত চাকরি যদি ব্যক্তি, পরিবার ও সমাজ জীবনে শান্তি বয়ে আনতে না পারে, তাহলে সেই চাকরিরই বা সার্থকতা কী?

মূলত বৃটিশ প্রবর্তিত বস্তুবাদী শিক্ষানীতির বিষাক্ত আগ্রাসনই এর জন্য দায়ী। মনুষ্য উদ্ভাবিত তথাকথিত সাধারণ বা আধুনিক শিক্ষানীতির ভয়ংকর থাবায় এ দেশের কোমলমতি শিক্ষার্থীদের হৃদয় আজ ক্ষত-বিক্ষত। আধুনিকতা, প্রগতি ও তথ্য প্রযুক্তির এই বৈপ্লবিক যুগে নিয়ন্ত্রণহীন পারিবারিক কাঠামো ও ভঙ্গুর সমাজ ব্যবস্থা, লজ্জাহীনতার উন্মুক্ততা, অবাধ স্বাধীনতা ও যৌন উচ্ছৃঙ্খলতার হিংস্র ছোবলে বর্তমান প্রজন্মের চেতনা আজ বিকারগ্রস্ত। দুনিয়ার চাকচিক্য, অর্থের প্রতি অত্যধিক মোহ, বস্তুবাদী চিন্তাধারা ও সাম্রাজ্যবাদী বিজাতীয় গোষ্ঠীর চালু করা নোংরা অপসংস্কৃতির চর্চায় ভবিষ্যৎ প্রজন্মের উন্নত, সুন্দর ও ভারসাম্যপূর্ণ সুষ্ঠু বিকাশ আজ চরম বাধার সম্মুখীন, যা সত্যিই উদ্বেগজনক!

মুসলিম সমাজ আজ দুর্নীতি, দুরাচার, খুন-খারাবি, অন্যায়-অপকর্ম, পাপ-পঙ্কিলতার মধ্যে নিমজ্জিত। এদেশের শিক্ষিতরাই বেশি দুর্নীতি করে থাকেন। খুনের রাজনীতিতে তারাই জড়িত। নিজের স্বার্থ হাছিলের জন্য আপন ভাই এমনকি পিতা-মাতার গলায় ছুরি চালাতেও তারা কুণ্ঠাবোধ করেন না। শিক্ষিতের সংখ্যা ক্রমান্বয়ে বাড়ছে, কিন্তু বাড়ছে না প্রকৃত শিক্ষিতের সংখ্যা। ফলে বৃদ্ধি পাচ্ছে অশান্তি আর অরাজকতা। পত্রিকা খুললেই চোখে পড়ে ছাত্র সমাজের নানা অন্যায়-অনৈতিকতা এবং তাদের অপরাধ প্রবণতার কথা। মদ, গাঁজা, ইয়াবা, ছিনতাই,

অপহরণ, ধর্ষণ, গুম-খুন ইত্যাদির মতো জঘন্য অপরাধের সাথে তাদের সম্পৃক্ততার খবর। যারা নেতার নির্দেশে উন্মুক্ত অস্ত্র হাতে শিক্ষাপ্রতিষ্ঠানে ত্রাস সৃষ্টি করে। তৈরী করে শিক্ষার অনুপযুক্ত পরিবেশ। তারাই শিক্ষার বড় বড় ডিগ্রি নিয়ে আত্মপ্রকাশ করে এবং সমাজ ও রাষ্ট্র পরিচালনায় ভূমিকা রাখে। ফলে, স্বাভাবিকভাবেই তারা তাদের লালিত নোংরা আদর্শের ভিত্তিতে রাষ্ট্র পরিচালনা করে থাকে। তাই তো সমাজের আজ এই করুণ পরিণতি!

সম্মানিত সুধী! আমরা মনে করি, উপর্যুক্ত পরিস্থিতি থেকে মুসলিম জাতিকে উদ্ধার করতে পারে একমাত্র দ্বীনী শিক্ষা। কেননা আধুনিক শিক্ষা দুনিয়ায় সমৃদ্ধি আনয়ন করলেও সুখ ও শান্তি সেখানে থাকে সম্পূর্ণ অনুপস্থিত। পক্ষান্তরে, দ্বীনী শিক্ষা একজন মানুষের দুনিয়া ও পরকাল উভয় জীবনকে করে তোলে সমৃদ্ধশালী। মানুষের শারীরিক চিকিৎসার জন্য যেমন ডাক্তারের প্রয়োজন হয়, তেমনি অপরাধপ্রবণ বস্তুবাদী মানুষগুলোর আত্মার সুস্থতার জন্য প্রয়োজন ধর্মীয় ডাক্তারের। আধুনিক শিক্ষার ফল সাময়িক ও অনেক ক্ষেত্রে তা মিথ্যার উপর প্রতিষ্ঠিত। পক্ষান্তরে, দ্বীনী শিক্ষার ফলাফল স্থায়ী ও সত্যের উপর প্রতিষ্ঠিত, যা দুনিয়া ও আখেরাতে কল্যাণ বয়ে আনে। অতএব, সমাজে শান্তির জন্য দ্বীনী শিক্ষার কোনো বিকল্প নেই। ধর্মীয় বা দ্বীনী শিক্ষাই হচ্ছে আসল শিক্ষা।

আরেকটি বিষয় লক্ষ্যণীয়, আমাদের দেশে যেমন হাদীছগ্রন্থের পর্যাপ্ত বাংলা অনুবাদ প্রকাশিত হয়নি, তেমনি ইসলামের বিভিন্ন দিক ও বিভাগের উপর সুন্দর এবং মৌলিক গ্রন্থও রচিত হয়নি। বর্তমানে রাসূল ছাল্লাল্লা-হু আলাইহে ওয়াসাল্লাম -এর জীবনীগ্রন্থ ছাড়া ইসলামের ইতিহাসের উপর গ্রহণযোগ্য ও পূর্ণাঙ্গ কোনো বই পাওয়া যায় না। ইসলামী অর্থনীতির উপর গ্রন্থ তো শূন্যের কোঠায়। তাছাড়া কুরআনের তাফসীর, হাদীছের তাহক্বীক্ব, ব্যাখ্যা, ফতওয়া সংকলন এগুলোর অবস্থা তো আরও করুণ। আপনি বলতে পারেন, তাহলে এতদিন থেকে দেশের মাদরাসাগুলো কী করেছে? সত্যি বলতে কি মাদরাসাগুলোতে শিক্ষার ক্ষেত্রে সৃজনশীলতার অভাব আছে। ধর্মীয় গোঁড়ামি আর পূর্বপুরুষদের আদর্শের দোহাই দিয়ে কুরআন-হাদীছকে এড়িয়ে যাওয়া হয়। ইসলামকে নিজের মন মতো করে বুঝার অপচেষ্টা এখনও চলছে। ইসলামের নামে বিভিন্ন ভ্রান্ত ফেরকা আবিষ্কারের মাধ্যমে মানুষকে ইসলামবিমুখ করার ষড়যন্ত্র অব্যাহত রয়েছে। এক শ্রেণির আলেম প্রকৃত ইসলামকে শিরক-বিদ'আত দ্বারা কলুষিত করার ঘৃণ্য কর্মে লিপ্ত আছেন। তাইতো এদেশে বিভিন্ন মাযার-খানকা-দরগা গড়ে উঠেছে। যার মাধ্যমে সরলমনা মুসলিম জনসাধারণকে একদিকে যেমন ঈমান শূন্য করা হচ্ছে, অন্যদিকে প্রতারণার আশ্রয় নিয়ে সেগুলোকে জমজমাট ব্যবসাকেন্দ্রে পরিণত করেছে। মূলত পীর-মুরিদীর নামে চলছে বিনা পুঁজির লাভজনক ব্যবসা। এগুলো সবই প্রকৃত দ্বীনী শিক্ষা না থাকার ফল।

সুতরাং এদেশে প্রয়োজন এমন শিক্ষা প্রতিষ্ঠান, যা সাড়ে চৌদ্দশত বছর পূর্বের শিরক-বিদ'আত মুক্ত ইসলামকে সমাজে প্রতিষ্ঠা করবে। যে প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা হবে সত্য ও

ন্যায়ের উজ্জ্বল নক্ষত্র। পবিত্র কুরআন ও ছহীহ হাদীছের আদর্শে উজ্জীবিত দুর্জয় কাণ্ডারী। সালাফে-ছালেহীনের আদর্শের ধারক-বাহক এবং ইসলামের বিশুদ্ধ আক্বীদা রক্ষার অতন্দ্রপ্রহরী। তারা মানুষের কল্যাণে নিজের জীবনকে উৎসর্গ করবে। কথা, কলম ও মিডিয়ার মাধ্যমে ইসলামের খেদমতে ভূমিকা রাখবে। তারা আধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তিকে ইসলামের জন্য ব্যবহারে কৌশলী হবে এবং ইসলাম বিদ্বেষীদের অপব্যাখ্যার উপযুক্ত জবাবদানে সক্ষম হবে। একবিংশ শতাব্দীতে ইসলাম বিরোধী যে কোনো চ্যালেঞ্জ মোকাবিলা করতে সক্ষম হবে। সমকালীন জীবনের যে কোনো চাহিদা পূরণে তারা হবে পূর্ণ পারদর্শী। মিথ্যা ও ভ্রান্তি থেকে উত্তরণের ক্ষেত্রে মুক্তিকামী মানুষের আস্থার প্রতীক। প্রগতি ও অবাধ স্বাধীনতার বিষাক্ত ছোবলে আক্রান্ত জনতাকে তারা মুক্তির মোহনায় পৌঁছিয়ে দেবে এবং পাপ-পঙ্কিলতা আর অন্যায়ে নিমজ্জিত জনগোষ্ঠীকে ইসলামের ছায়াতলে আশ্রয় দেবে। এই প্রতিষ্ঠান থেকে লেখক, গবেষক, বাগ্মী বের হবে এবং কুরআন ও ছহীহ হাদীছের পতাকা নিয়ে দেশে-বিদেশে ছুটে বেড়াবে। বাংলাদেশসহ বিশ্বের প্রতিটি ঘরে ঘরে সত্যিকার ইসলামের দাওয়াত পৌঁছানোর বিরামহীন প্রচেষ্টা চালাবে।

তাই **শায়খ আব্দুর রাযযাক বিন ইউসুফ** এরকমই প্রতিষ্ঠানের স্বপ্ন নিয়ে ২০১৩ সালের ২৪ আগস্ট বীর হাটাব, বিরাব, রুপগঞ্জ, নারায়ণগঞ্জে; ২০১৬ সালের ১৭ ফেব্রুয়ারি ডাঙ্গীপাড়া, পবা, শাহমখদুম, রাজশাহীতে; গোড়া চাঁদ দাস রোড, ওয়ার্ড-১৬, বরিশালে এবং ২০২২ সালের ০৩ এপ্রিল তেঘরা, বিরল, দিনাজপুরে যুগোপযোগী মানসম্মত ইসলামী শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে **'আল-জামি'আহ আস-সালাফিয়্যাহ'** নামে বালক ও বালিকার জন্য পৃথক পৃথক শাখাবিশিষ্ট চারটি প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করেন। *ফালিল্লাহিল হামদ।*

## ● প্রতিষ্ঠানগুলোর অবস্থান

| | |
|---|---|
| **রাজশাহী** | ডাঙ্গীপাড়া, পবা, শাহমখদুম, রাজশাহী |
| | রাজশাহী রেলগেট ➜ আমচত্বর ➜ ভুগরইল মোড় ➜ ডাঙ্গীপাড়া |
| **নারায়ণগঞ্জ** | বীর হাটাব, বিরাব, রুপগঞ্জ, নারায়ণগঞ্জ |
| | কাঞ্চন ব্রিজ ➜ দেবই বাজার ➜ বীর হাটাব |
| **দিনাজপুর** | তেঘরা, বিরল, দিনাজপুর |
| | দিনাজপুর রেলওয়ে স্টেশন ➜ বাহাদুর বাজার ➜ তেঘরা গ্রাম<br>দিনাজপুর বাস স্টেশন ➜ টেকনিক্যাল মোড় ➜ বাহাদুর বাজার ➜ তেঘরা গ্রাম |
| **বরিশাল** | এফ আলম রওনক মঞ্জিল, হোল্ডিং নং ১৮৩, গোড়া চাঁদ দাস রোড, বরিশাল সিটি কর্পোরেশন, বরিশাল-৮২০০ |
| | নথুল্লাবাদ ➜ চৌমাথা ➜ গোড়া চাঁদ দাস রোড |

## ● লক্ষ্য ও উদ্দেশ্য

১. কুরআন মাজীদ ও ছহীহ হাদীছের জ্ঞানার্জন এবং তদনুযায়ী আমলের মাধ্যমে ইহকালীন শান্তি ও পরকালীন মুক্তি লাভ।

২. সালাফে ছালেহীনের মাসলাক অনুসারে পবিত্র কুরআন ও ছহীহ হাদীছের সঠিক ব্যাখ্যা প্রদান।

৩. ইসলামের নির্ভেজাল রূপ জনগণের সামনে তুলে ধরা এবং ইসলামের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগের যথাযথ জবাবদানের জন্য আল্লাহভীরু যোগ্য আলেম, লেখক, গবেষক, অনুবাদক, দাঈ ও বাগ্মী তৈরি করা।

৪. সমাজ ও রাষ্ট্র পরিচালনার জন্য এবং সকল অবস্থায় মুসলিম জাতিকে সঠিক দিক-নির্দেশনা দানের জন্য উপযুক্ত নেতৃত্ব তৈরি করা।

সমাজ থেকে শিরক, বিদআত ও অপসংস্কৃতি দূর করা।

## ● বৈশিষ্ট্যসমূহ

১. দেশি-বিদেশি প্রতিষ্ঠানসমূহের উন্নত সিলেবাসের সমন্বয়ে প্রণীত নিজস্ব সিলেবাসের আলোকে পাঠদান।

২. দেশ-বিদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে উচ্চ ডিগ্রিপ্রাপ্ত দক্ষ, অভিজ্ঞ, প্রাজ্ঞ, পরিশ্রমী ও নিবেদিতপ্রাণ শিক্ষকমণ্ডলী দ্বারা পরিচালিত।

৩. কুরআন ও হাদীছের উপর গভীর জ্ঞান অর্জনের পাশাপাশি আরবী ও ইংরেজি ভাষার পূর্ণ দক্ষতা অর্জনের সুযোগ।

৪. আমাদের প্রতিষ্ঠান সৌদী আরবের মদীনা ইসলামী বিশ্ববিদ্যালয়ের সাথে মুআদালাভুক্ত। ফলে এখানে পড়ালেখা সমাপ্ত করে উক্ত বিশ্ববিদ্যালয়ে উচ্চ শিক্ষা গ্রহণের সুযোগ আছে।

৫. সৌদী আরবের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সুযোগ্য অধ্যাপকগণের ইলম থেকে উপকৃত হওয়ার লক্ষ্যে সরাসরি বছরে একাধিক কোর্সের ব্যবস্থা করা।

৬. বিশুদ্ধভাবে কুরআন তেলাওয়াত ও ১০ পারা হিফযের ব্যবস্থা।

৭. উপস্থিত বক্তৃতা ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন।

৮. অমনোযোগী ও দুর্বল শিক্ষার্থীদের জন্য বিশেষ তত্ত্বাবধান।

৯. বোর্ড পরীক্ষা সংশ্লিষ্ট শ্রেণিগুলোতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ।

১০. সুপ্ত মেধা বিকাশের জন্য 'কো-কারিকুলার' (সহ-পাঠক্রমিক) কার্যক্রম পরিচালনা।

- আরবী, বাংলা ও ইংরেজিতে কথোপকথন ও বক্তৃতাদানের দক্ষতা অর্জনের জন্য পৃথক প্রশিক্ষণ তথা সাপ্তাহিক ইসলাহুল বায়ানের ব্যবস্থা।
- বক্তব্য ও জ্ঞানের বিকাশের লক্ষ্যে বক্তব্য, প্রবন্ধ পাঠ, কবিতা আবৃত্তি, ছায়া সংসদীয় বিতর্ক, উপস্থিত বক্তব্য, সাধারণ জ্ঞান, নাটক-অভিনয়সহ নানাবিধ বিষয়ে দক্ষতা বৃদ্ধি বিষয়ক কর্মসূচি পাক্ষিক برنامج إتقان এর ব্যবস্থা।
- শিক্ষাবর্ষের শেষে পুরো প্রতিষ্ঠানব্যাপী উপস্থিত বক্তৃতা ও বিতর্ক প্রতিযোগিতাসহ নানাবিধ বিষয়ের উপর 'বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠান' এর আয়োজন করা।
- লেখার হাত মজবুতকরণের লক্ষ্যে ইবতেদায়ী (প্রাথমিক) স্তর থেকেই শিশুতোষ পত্রিকা 'কিশলয়' ও দেয়ালিকা 'আল-মানার' এ লেখালেখির সুযোগ। সেইসাথে শ্রেণিভিত্তিক দেয়ালিকা প্রকাশে পৃষ্ঠপোষকতা প্রদান।
- যুগের চাহিদা অনুসারে আলেমিয়্যাত (উচ্চ মাধ্যমিক) স্তর থেকে সীমিত পরিসরে কম্পিউটার প্রশিক্ষণের সুব্যবস্থা। অদূর ভবিষ্যতে সুবৃহৎ কম্পিউটার ল্যাব প্রতিষ্ঠার পরিকল্পনা।

১১. আবাসিক হল সর্বদা শিক্ষকমণ্ডলীর তত্ত্বাবধানে সুনিয়ন্ত্রিত।

১২. ছাত্রদের যাবতীয় নথি-পত্র, তথ্য-উপাত্ত, ফলাফল, অ্যাকাডেমিক ও চারিত্রিক সকল তথ্য সফটওয়্যারের মাধ্যমে অনলাইনে সংরক্ষণ।

১৩. প্রত্যেক ছাত্রের জন্য প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ ব্যবহারের জন্য ইউনিক আইডি নম্বর ও আইডি কার্ড প্রদান।

১৪. ছাত্রের দৈনন্দিন ও মাসিক যাতায়াতের তথ্য সংরক্ষণ রাখার জন্য সফটওয়্যারে মাধ্যমে আইডি নম্বর দিয়ে গেটপাশ এন্ট্রি করার সুব্যবস্থা।

১৫. দৈনিক তিনবেলা 'আদর্শ খাবার' তথা নিরামিষের পাশাপাশি আমিষ জাতীয় খাবারের ব্যবস্থা।

১৬. স্বাস্থ্যসম্মত মনোরম প্রাকৃতিক পরিবেশে শরীরচর্চার জন্য উন্মুক্ত খেলার মাঠ।

১৭. মাটির গভীর হতে নলকূপের মাধ্যমে উত্তোলিত আর্সেনিকমুক্ত পানির সুব্যবস্থা।

১৮. নিজস্ব অটো জেনারেটরের সাহায্যে সার্বক্ষণিক নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ব্যবস্থা।

১৯. আরবী, বাংলা, ইংরেজি ও বিভিন্ন ভাষার বই সমৃদ্ধ লাইব্রেরি।

২০. প্রতি বছর একাডেমিক ক্যালেন্ডার প্রণয়ন এবং তার সাথে সমন্বয় করে পাঠপরিকল্পনা প্রণয়ন।

২১. স্বাস্থ্যসম্মত, সুন্দর ও উন্নতমানের আবাসিক হলের সুব্যবস্থা।

২২. প্রচলিত রাজনীতি ও সন্ত্রাসমুক্ত নিরাপদ পরিবেশ।

২৩. নিয়মিত খেলাধুলা, সাংস্কৃতিক কার্যক্রম, বার্ষিক ক্রীড়া ও গ্রন্থপাঠ প্রতিযোগিতা।

২৪. প্রাথমিক চিকিৎসার সুব্যবস্থা।

## • সিলেবাস (পাঠ্যসূচি)

ভাইস প্রেসিডেন্সি অফ অ্যাকাডেমিক অ্যাফেয়ার্সের তত্ত্বাবধানে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, জামেয়া সালাফিয়া, বানারস, ভারতসহ উপমহাদেশের বিখ্যাত ক্বওমী প্রতিষ্ঠানসমূহ ও মদীনা ইসলামী বিশ্ববিদ্যালয়ের সিলেবাসের সমন্বয়ে প্রণীত স্বতন্ত্র বৈশিষ্টমণ্ডিত পৃথক পাঠ্যসূচি (সিলেবাস) প্রণয়ন করা হয়েছে।

## • ভাইস প্রেসিডেন্সি অফ অ্যাকাডেমিক অ্যাফেয়ার্স

প্রতিষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্য পূরণের জন্য যুগের চাহিদা অনুযায়ী শিক্ষা কারিকুলাম (শিক্ষাক্রম) প্রণয়ন, কারিকুলামের আলোক যথাপোযুক্ত সিলেবাস (পাঠ্যসূচি) প্রণয়ন, অ্যাকাডেমিক ক্যালেন্ডার তৈরি, ক্লাস রুটিন তৈরি, ক্লাসে সিলেবাস যথাযথ অনুসরণে হচ্ছে।

## • নাদওয়াতুত ত্বলাবা (ছাত্রসংসদ)

ছাত্রদের সুপ্ত প্রতিভা বিকাশের লক্ষ্যে অ্যাকাডেমিক পড়াশোনার বাইরে ক্রীড়া, সাংস্কৃতিক ও সাহিত্য বিষয়ক আলোচনাসভা, বিতর্ক প্রতিযোগিতা, শিশুতোষ পত্রিকা ও দেয়ালিকা প্রকাশ, ক্বিরাআত, সঙ্গীত ও বক্তব্য উপস্থাপনার দক্ষতা বৃদ্ধির জন্য সাপ্তাহিক, পাক্ষিক, মাসিক ও বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করার জন্য প্রত্যেক জামি‘আহতে ছাত্রদের সমন্বয়ে ‘নাদওয়াতুত ত্বলাবা’ নামে ছাত্রসংসদ গঠন করা হয়ে থাকে।

## • ডীনশীপ অফ স্টুডেন্ট অ্যাফেয়ার্স

নাদওয়াতুত ত্বলাবা (ছাত্রসংসদ)-এর সকল কাজের পৃষ্ঠপোষকতাদানসহ শিক্ষার্থীর ছুটি গ্রহণ, উপস্থিতি-অনুপস্থিতির হিসাব প্রস্তুতকরণ, প্রতিষ্ঠানের নিয়ম-কানুন কিংবা আইন-শৃঙ্খলা ভঙ্গের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা; কোনো শিক্ষার্থী সমস্যায় পড়লে সমস্যার সমাধান করা কিংবা অন্য শিক্ষার্থীর দ্বারা নির্যাতিত হলে তৎক্ষণাৎ ব্যবস্থা গ্রহণ করা ও তার অভিভাবককে অবগত করাসহ শিক্ষার্থী সংশ্লিষ্ট সকল সুবিধা-অসুবিধার বিষয়গুলো সুষ্ঠুভাবে তদারকি করার জন্য প্রাথমিকভাবে রাজশাহী ও রূপগঞ্জে ডীনশীপ অফ স্টুডেন্ট অ্যাফেয়ার্স (وَكَالَةُ شُؤُوْنِ الطُّلَّابِ) নামে পৃথক বিভাগ খোলা হয়েছে।

## • বক্তব্য প্রশিক্ষণের বিশেষ কর্মসূচি

প্রতি সপ্তাহে বক্তব্য প্রশিক্ষণের ক্লাস হয়, যা প্রতিষ্ঠানের আবশ্যিক ক্লাস হিসাবে গণ্য। এই প্রশিক্ষণে বিভিন্ন বিষয়ের উপর প্রতিটি শিক্ষার্থীকে পর্যায়ক্রমে বাংলা, ইংরেজি ও আরবীতে বাধ্যতামূলকভাবে বক্তব্য দিতে হয়। এসব বক্তব্যের উপর **১০০ নম্বর** থাকবে, যা পরীক্ষার

ফলাফলের সাথে যুক্ত হয়। বক্তব্যের মান অনুযায়ী নম্বর প্রদান করা হয়। এসব বক্তব্য প্রশিক্ষণ ক্লাসে কোনো শিক্ষার্থী অনুপস্থিত থাকলে সে কোনো নম্বর পাবে না, যা তার পরীক্ষার ফলাফলে প্রভাব ফেলবে। ইছলাহুল বায়ানে অনুপস্থিতির জন্য বক্তার ক্ষেত্রে ২০০/= টাকা এবং শ্রোতার ক্ষেত্রে ১০০/= টাকা জরিমানা দিতে হবে।

বক্তব্য প্রশিক্ষণের আয়োজন করবে স্টুডেন্ট অ্যাফেয়ার্সের অধীনে আবনায়ে জামি'আহ এবং পর্যালোচনায় থাকবেন নির্ধারিত শিক্ষকমণ্ডলী।

## ● উন্নত চরিত্র গঠনের প্রতি বিশেষ গুরুত্বারোপ

চরিত্র মানুষের অমূল্য সম্পদ। শিক্ষার অন্যতম মৌলিক উদ্দেশ্য উন্নত চরিত্র গঠন। তাই জামি'আহ শিক্ষার্থীদের সুন্দর চরিত্র গঠনের প্রতি বিশেষ গুরুত্ব দিয়ে থাকে। শিক্ষকমণ্ডলী ক্লাসে পাঠদানের সাথে উন্নত চরিত্র গঠনে উপদেশ দিয়ে থাকেন। পরিস্থিতি ও প্রয়োজন অনুযায়ী ছালাতের পর মসজিদে সকলের উদ্দেশ্যে দায়িত্বশীল শিক্ষক বিশেষ নাসীহা করে থাকেন। বিষয়টিকে সর্বোচ্চ গুরুত্ববহ করে তোলার লক্ষ্যে আখলাক-চরিত্রের উপর ১০০ নম্বর নির্ধারিত করা হয়েছে, যা পরীক্ষার ফলাফলের সাথে যুক্ত হয়।

**আখলাকের অন্তর্ভুক্ত বিষয়সমূহ:**
ছালাতে উপস্থিতি, ক্লাসে উপস্থিতি, ক্লাসে ইউনিফরম পরিধান করা, আবাসিক হলে শালীন পোশাক পরিধান করা, চুলের ছাঁট, দাড়ি রাখা, আচার-আচরণ, শিক্ষকের আনুগত্য।

## ● জামি'আহ'র শিক্ষার্থীদের পোশাক

১. **শ্রেণিকক্ষের পোশাক:** জামি'আহর নির্ধারিত ইউনিফরম তথা পাঞ্জাবী, পায়জামা ও সাদা সূতার টুপি।

২. **আবাসিক হলের পোশাক:** লুঙ্গি বা ঢিলেঢালা যেকোনো ধরনের পোশাক। হাফ হাতা বা ফুল হাতা গোল-গলা গেঞ্জি।

উল্লেখ্য, কলারওয়ালা গেঞ্জি, স্যান্ডো গেঞ্জি, শার্ট, প্যান্ট বা অমার্জিত যেকোনো পোশাক পরা অনুমোদিত নয়।

## ● আবাসিক নিয়মাবলি

১. জামা'আতের সাথে ফজরের ছালাত আদায় শেষে কমপক্ষে ১৫ মিনিট দু'আ পাঠ ও কুরআন তেলাওয়াত করবে।

২. সকালের নাস্তার পূর্ব পর্যন্ত লেখাপড়া করবে। অতঃপর নির্ধারিত ইউনিফরম পরিধান করে ক্লাসে উপস্থিত হবে।

৩. ক্লাস শেষে যোহরের ছালাত ও দুপুরের খাবার গ্রহণের পর আছরের ছালাতের পূর্ব পর্যন্ত বিশ্রাম নিবে।

৪. আছরের ছালাতের পর থেকে খেলাধুলার ঘণ্টা পড়ার পূর্ব পর্যন্ত লেখাপড়া করবে। খেলাধুলার জন্য নির্ধারিত সময় হবে ৫০ মিনিট।

৫. অভিভাবকদের সাথে কথা বলার জন্য 'জামি'আহ কল সেন্টার' আছে, যেখানে প্রতিদিন আছর হতে মাগরিব পর্যন্ত শিক্ষার্থীরা কথা বলতে পারবে।

৬. দশম শ্রেণি পর্যন্ত সকল শিক্ষার্থীর সব ধরনের মোবাইল-ফোন ব্যবহার নিষিদ্ধ। কোনো শিক্ষার্থীর কাছে মোবাইল পাওয়া গেলে তা জব্দ করা হবে এবং ৩৫০০/- টাকা জরিমানা প্রদান করতে হবে। আর মোবাইল অফেরৎযোগ্য। তবে দশম শ্রেণির পর থেকে বালক শাখার শিক্ষার্থীরা লিখিত অনুমতি সাপেক্ষে সাধারণ বাটন ফোন ব্যবহার করতে পারবে।

৭. জামি'আহ থেকে প্রস্থানের সময় রিসিপশন থেকে আইডি নম্বর দিয়ে কম্পিউটারে এন্ট্রি করে গেটপাস নিয়ে প্রস্থান করবে এবং আগমনের পরে রিসিপশনে গেটপাশ জমা দিবে।

৮. কোনো শিক্ষার্থী মাগরিবের পর থেকে পরের দিন খেলাধুলার ঘণ্টা পড়ার পূর্ব পর্যন্ত জরুরী কারণ ছাড়া জামি'আহ ত্যাগ করতে পারবে না। জরুরী প্রয়োজনে প্রতিষ্ঠানের বাহিরে যেতে হলে গেটপাস নিয়ে বাইরে যেতে পারবে। মাগরিবের আযানের অন্তত ১০ মিনিট পূর্বেই জামি'আহ-তে ফিরে এসে জামা'আতের সাথে মাগরিবের ছালাত আদায় করবে।

৯. রিসিপশনে গেটপাশ জমা না দিলে জরিমানা প্রযোজ্য হবে এবং জরিমানা পরিশোধ না করা পর্যন্ত পরবর্তী গেটপাশ প্রিন্ট বন্ধ থাকবে।

১০. মাগরিবের পর কমপক্ষে ১৫ মিনিট কুরআন তেলাওয়াত করবে। অতঃপর রাত ১১ পর্যন্ত লেখাপড়া করবে। মাঝে ইশার ছালাত ও খাওয়ার জন্য বিরতি থাকবে।

১১. স্টুডেন্ট অ্যাফেয়ার্সের অনুমতি ব্যতীত আত্মীয়-স্বজন, পরিচিত-অপরিচিত কাউকেই জামি'আহ'র হোস্টেলে থাকার অনুমতি দিতে পারবে না। জরুরী প্রয়োজন ব্যতীত একে অন্যের কক্ষে যাবে না এবং তাদের কোনো কিছু বিনা অনুমতিতে ব্যবহার করবে না।

১২. কোনো সমস্যা হলে হোস্টেল সুপার/আবাসিক শিক্ষক/প্রশাসককে অবহিত করবে।

১৩. প্রত্যেক শিক্ষার্থীকে প্রতিষ্ঠানের ভিতরে ও বাহিরে সর্বাবস্থায় সুন্নাতের যথাযথ পাবন্দী হতে হবে। বিশেষভাবে দাড়ি গজালে তা রেখে দিতে হবে। অশালীন, অমার্জিত, টাইট ফিটিং, পোশাক-পরিচ্ছদ ও টাখনুর নিচে কোনো কাপড় পরিধান করতে পারবে না।

১৪. হোস্টেলে হিটার, কুকার, লন্ড্রী, টেবিল ফ্যান, রেডিও, ক্যামেরা ও ল্যাপটপসহ কোনো প্রকার ইলেক্ট্রনিক্স ডিভাইস ব্যবহার করা যাবে না।

১৫. কর্তৃপক্ষের অনুমতি ছাড়া কেউ ভোজের আয়োজন করতে পারবে না।

১৬. আবাসিক কোনো শিক্ষার্থী স্বেচ্ছায় নিজ কক্ষ বা সীট পরিবর্তন করতে পারবে না। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭. পাঁচ ওয়াক্ত ছালাত শেষে মাঝে-মধ্যে হাজিরা নেওয়া হবে। কোনো ছাত্র অনুপস্থিত থাকলে তার ব্যাপারে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

১৮. অসুস্থতার কারণে কোনো শিক্ষার্থী ক্লাস চলাকালীন আবাসিক কক্ষে অবস্থান করতে চাইলে আবেদনপত্রে চিকিৎসক ও শ্রেণি শিক্ষকের স্বাক্ষর নিয়ে স্টুডেন্ট অ্যাফেয়ার্সে জমা দিতে হবে।

১৯. কোনো শিক্ষার্থীর নৈতিক চরিত্রের অবনতি ঘটলে তার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২০. আবাসিক হলে খাট/চৌকির মাপ হবে ৮ ফুট/২.৫ ফুট।

## • ক্লাসের সময়সূচি

**হিফয বিভাগ:**

১.ফজরের ছালাতের পূর্বে ১ ঘণ্টা সবক (নতুন পড়া) গ্রহণ।
২. বাদ ফজর হতে সকালের নাস্তা পর্যন্ত সাত-সবক (বিগত সাতদিনের পড়া রিভিশন)।
৩. সকাল ৮টা হতে সকাল ৯.০০টা পর্যন্ত আমুখতার (বিগত পারা শোনানোর) প্রস্তুতি।
৪. সকাল ৯টা হতে সকাল ৯.৩০টা পর্যন্ত মাল্টিমিডিয়ার সাহায্যে মাশক ক্লাস (যথাযথ অনুশীলন)।
৫. অতঃপর গোসল ও বিশ্রাম (ঘুম) দুপুর ১২টা পর্যন্ত।
৬. দুপুর ১২টা থেকে যোহরের ছালাতের পূর্ব পর্যন্ত আমুখতা ক্লাস।
৭. দুপুরের খাওয়ার পর হতে আছরের পূর্ব পর্যন্ত আমুখতা গ্রহণ।
৮. বাদ আছর হতে খেলাধুলার সময়ের পূর্ব পর্যন্ত সবকের পূর্বপ্রস্তুতি।
৯. বাদ মাগরিব হতে এশা পর্যন্ত সবক মুখস্থ করা।
১০. রাতের খাওয়ার পর ১০টার মধ্যে ঘুমাতে যাওয়া।
১১. প্রতি বৃহস্পতিবার নাস্তার পর থেকে সবীনা (পিছনের সমস্ত/নির্ধারিত অংশ রিভিশন)।
১২. মাঝেমধ্যে নফল ছালাতে দীর্ঘ কিরাআতের সাহায্যে ইয়াদ (মুখস্থ) মজবুত করা।

**রওযা বিভাগ:**

১. ফজরের ছালাতের পর হতে সকাল ৭টা পর্যন্ত ক্লাস।
২. ৭টা থেকে ৮টা পর্যন্ত নাস্তার বিরতি।
৩. ৮টা থেকে ১১.৩০ পর্যন্ত ক্লাস।
৪. আছর ছালাতের পর থেকে খেলাধুলার পূর্ব পর্যন্ত মাশক ক্লাস (কুরআনের যথাযথ অনুশীলন)।
৫. বাদ মাগরিব হতে এশা ছালাতের পূর্ব পর্যন্ত ক্লাস।

**কিতাব বিভাগ:**

১. সকাল ৭.৩০ মিনিট হতে দুপুর ১২.৫০ মিনিট পর্যন্ত।

২. শিক্ষার্থীদের কুরআন-তাজভীদ, মীযান-মুনশাইব, নাহু-ছরফ প্রশিক্ষণ, আরবী-ইংরেজী কথোপকথন ও উর্দূ ভাষার উপর অতিরিক্ত ক্লাস। (বাদ আছর হতে মাগরিব ৪৫ মিনিট পূর্ব পর্যন্ত।)

**বি.দ্র.** স্কুল বা আলিয়া মাদরাসা থেকে আগত শিক্ষার্থীদের জন্য প্রথম তিন মাস আছরের পর আরবী পড়া শেখার বিশেষ ক্লাসের ব্যবস্থা আছে।

## ● ছুটির নীতিমালা

১. অসুস্থতার কারণে ছুটির প্রয়োজন হলে দুই কপি দরখাস্ত লিখে প্রতিষ্ঠানের চিকিৎসকের সুপারিশসহ সকাল ৮.০০ টা থেকে বিকেল ৫.০০ টার মধ্যে স্টুডেন্ট অ্যাফেয়ার্সে কাছে জমা দিতে হবে।
২. বিশেষ প্রয়োজনে ছুটি নিতে হলে দুই কপি দরখাস্ত লিখে শ্রেণি শিক্ষকের সুপারিশসহ স্টুডেন্ট অ্যাফেয়ার্সে জমা দিতে হবে।
৩.দরখাস্ত মঞ্জুর হলে এক কপি রিসিপশনে জমা দিয়ে প্রতিষ্ঠান ত্যাগ করতে পারবে। ছুটি শেষে ক্লাসে বসার জন্য স্টুডেন্ট অ্যাফেয়ার্স থেকে অনুমতিপত্র নিতে হবে।
৪. রওযা, হিফয ও শিশু হতে পঞ্চম শ্রেণি পর্যন্ত ছাত্রদের ছুটি নেওয়ার জন্য অভিভাবক সঙ্গে থাকা আবশ্যক।
৫. বিনা দরখাস্তে ছুটি কাটালে প্রতিদিন ১০০ টাকা হারে জরিমানা দিতে হবে।
৬.প্রতিষ্ঠান চলাকালীন কোনো শিক্ষার্থী বিনা ছুটিতে একটানা দুই সপ্তাহ ক্লাসে অনুপস্থিত থাকলে তার ভর্তি বাতিল হবে।
৭. বিশেষ কোনো উপলক্ষ্যে প্রতিষ্ঠান ছুটি থাকলে, প্রতিষ্ঠান খোলার তারিখে যদি কোনো শিক্ষার্থী অনুপস্থিত থাকে এবং উপযুক্ত কারণ দেখাতে ব্যর্থ হয়, তবে প্রথম দিনের জন্য ৩০০ টাকা এবং পরবর্তী দিনগুলোর জন্য প্রতিদিন ১০০ টাকা হারে জরিমানা দিতে হবে।

## ● প্রাতিষ্ঠানিক পরীক্ষা নির্দেশিকা

১. বছরে দুটি পরীক্ষা হবে: অর্ধ-বার্ষিক ও বার্ষিক

২. দুই পরীক্ষার সমন্বিত নম্বর হবে ১০০।

৩. জামি‘আহ’র নির্ধারিত নিয়মে সাপ্তাহিক ও অন্যান্য পরীক্ষা হবে।

৪. পরীক্ষায় অংশগ্রহণের জন্য কমপক্ষে ৮৫% ক্লাসে উপস্থিতি বাধ্যতামূলক। ৭৫% থেকে ৮৪% উপস্থিতির ক্ষেত্রে বিশেষ বিবেচনায় জরিমানা প্রদান সাপেক্ষে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। ৭৫% এর কম উপস্থিত থাকলে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

৫. প্রতিষ্ঠানের সকল বকেয়া পরিশোধ করে প্রবেশপত্র গ্রহণ করতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

৬. আলেমিয়্যাত শেষ বর্ষ ও ফাযীলাত শেষ বর্ষের বার্ষিক পরীক্ষায় জন্ম সনদ বা এনআইডি কার্ড অনুযায়ী নির্ভুল তথ্য দিয়ে রেজিস্ট্রেশন ফরম পূরণ করে ৫০০/= টাকা ফি-সহ জমা দিতে হবে।

৭. পরীক্ষা শুরু হওয়ার ২০ মিনিট পূর্বে পরীক্ষার হলে উপস্থিত হতে হবে।

৮. পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট বিষয়ে অকৃতকার্য বলে গণ্য হবে।

৯.পরীক্ষায় অনুপস্থিতির উপযুক্ত কৈফিয়ত দিতে ব্যর্থ হলে উক্ত শিক্ষার্থী ছাত্রত্ব বাতিল হবে।

১০. দুই বা ততোধিক বিষয়ে অকৃতকার্য হলে পরবর্তী সেশনে ভর্তি হতে পারবে না।

## ● লাইব্রেরি ও অন্যান্য বইয়ের সুবিধা

১. লাইব্রেরিতে দেশি-বিদেশি বই ও বিভিন্ন পত্রিকার ব্যবস্থা থাকবে।

২. জামি‘আহ’র লাইব্রেরিতে মুতালা‘আ ও গবেষণার সুযোগ থাকবে। গবেষণায় আগ্রহী শিক্ষার্থীর জন্য লাইব্রেরিতে কম্পিউটার ব্যবহারের সুযোগ থাকবে।

৩. শিক্ষার্থীরা প্রয়োজনীয় তথ্য প্রদান করে লাইব্রেরি হতে বই সংগ্রহ করতে পারবে।

৪. সংগৃহীত বই সংশ্লিষ্ট শিক্ষার্থীকেই সংরক্ষণ করতে হবে।

৫. পরীক্ষা শেষে বই জমা দিবে। অন্যথায় পরীক্ষার ফলাফল স্থগিত রাখা হবে।

৬. বই হারিয়ে গেলে বা ক্ষতিগ্রস্ত হলে সংশ্লিষ্ট শিক্ষার্থী তার ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবে।

## ● ইয়াতীম প্রতিপালন

আল-জামি‘আহ আস-সালাফিয়্যাহ’র সকল শাখায় প্রায় চার শতাধিক ইয়াতীম ছাত্র-ছাত্রী প্রতিপালিত হয়ে আসছে। ইয়াতীম ছাত্রের থাকা-খাওয়া, চিকিৎসা সেবা, টিউশন ফি, পোশাক-পরিচ্ছদ, শিক্ষা সরঞ্জামসহ নিত্য প্রয়োজনীয় সবকিছু সম্পূর্ণ ফ্রি। যার ব্যয়ভার প্রতিষ্ঠান বহন করে থাকে।

উল্লেখ্য, ইয়াতীম বিভাগের সুবিধাসমূহ পেতে হলে শিক্ষার্থীকে ন্যূনতম ৭০% নম্বর পেতে হবে। অন্যথায় নিজ খরচে পড়াশোনা করতে হবে।

## ● বিশেষ শিক্ষাবৃত্তি

আলেমিয়্যাত ও ফাযীলাত (দাওরা) স্তরের শিক্ষার্থীদের জন্য নিবরাস ইসলামিক রিসার্চ ফাউন্ডেশনের পক্ষ থেকে বিশেষ শিক্ষাবৃত্তি প্রদান করা হয়।

**বৃত্তির অন্তর্ভুক্ত সুবিধাসমূহ:**

১. ফ্রি থাকা-খাওয়ার ব্যবস্থা।
২. মাসিক উপবৃত্তি প্রদান।
৩. ফ্রি প্রাথমিক চিকিৎসা।
৪. কম্পিউটার ব্যবহারের সুযোগ।
৫. গবেষণা ও লেখালেখির সুযোগ।
৬. প্রতিষ্ঠানের তত্ত্বাবধানে বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে আবেদন করার সুযোগ।

উপরোক্ত সকল সুবিধা পেতে শিক্ষার্থীকে ন্যূনতম ৮০% নম্বর পেতে হবে। ৬৫% থেকে ৭৯% নম্বর পেলে মাসিক উপবৃত্তি ব্যতীত অন্যান্য সুবিধা পাবে। আর ৬৫% এর কম নম্বর পেলে শিক্ষার্থীকে সম্পূর্ণ নিজ খরচে অধ্যয়ন করতে হবে।

## ● অভিভাবকগণের দায়িত্ব

১. অভিভাবকগণ সন্তানের লেখাপড়ার খোঁজ-খবর রাখবেন এবং মাসিক প্রদেয় ফি-সমূহ প্রতি মাসের ১০ তারিখের মধ্যে পরিশোধ করতে সচেষ্ট থাকবেন। অন্যথায় ১০০ টাকা জরিমানাসহ পরিশোধ করতে হবে।
২. প্রতিষ্ঠানের নিয়ম-কানুন মেনে চলতে সন্তানদের উৎসাহিত করবেন।
৩. তুচ্ছ কারণে সন্তানের ছুটি নেওয়া থেকে বিরত থাকুন।
৪. প্রতিষ্ঠানের নির্ধারিত ছুটি ব্যতীত জরুরী দুর্ঘটনা ব্যতীত ছুটির অনুরোধ জানানো থেকে বিরত থাকুন।
৫. নির্ধারিত সময় ছাড়া সন্তানের সাথে সাক্ষাৎ বা ফোনে যোগাযোগ করা থেকে বিরত থাকবেন।
৬. শিক্ষার্থীদের কক্ষে অবস্থান করা থেকে বিরত থাকবেন।
৭. যেকোনো অভিযোগ বা পরামর্শ অভিযোগ বক্সে অথবা সংশ্লিষ্ট দায়িত্বশীল অথবা অধ্যক্ষ বরাবর অফিসে জানানোর চেষ্টা করবেন।
৮. প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত মতবিনিময় সভায় আপনার মতামত দিতে কার্পণ্য করবেন না। প্রতিষ্ঠানের উন্নতির স্বার্থে আপনার মূল্যবান ও যৌক্তিক সুপরামর্শ সাদরে গৃহীত হবে।

# ● ভর্তি পরীক্ষা সংক্রান্ত তথ্যাবলি ●

## ● ভর্তি পরীক্ষা বিষয়ক নির্দেশিকা

১. কুরআন পাঠে অক্ষম সাধারণ শিক্ষার্থীর রওযা (নূরানী) শাখায় ভর্তি হওয়া আবশ্যক।

২. হিফয ও রওযা (নূরানী)-র ক্ষেত্রে কেবল মৌখিক পরীক্ষা এবং ৩য় থেকে ফাযীলাত-১ম শ্রেণি পর্যন্ত সকলে লিখিত ও মৌখিক উভয় পরীক্ষাই নেওয়া হবে।

৩. ভর্তির সময় অভিভাবককে শিক্ষার্থীর সাথে উপস্থিত থাকতে হবে।

৪. ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারীদের মেধা তালিকার ভিত্তিতে ভর্তি করা হবে।

৫. যে শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক, তার পূর্বের শ্রেণির পাঠ্যবই থেকে পরীক্ষা নেওয়া হবে।

৬. আরবী বাংলা, ইংরেজি ও গণিত বিষয়ের উপর পরীক্ষা হবে।

৭. হিফযের ক্ষেত্রে: কুরআন মাজীদ ও তাজবীদ হতে জিজ্ঞাসা করা হবে।

৮. ভর্তির উপযুক্ততা: আবাসিকে অবস্থানেচ্ছু শিক্ষার্থীর বয়স কমপক্ষে ৯ বছর হতে হবে। [যারা খাওয়া-দাওয়া, প্রস্রাব-পায়খানা, বিছানাপত্র গোছানোসহ নিজের কাজ নিজে করতে পারে এমন ছেলে-মেয়ে ভর্তি হতে পারবে।] তবে অনাবাসিক শিক্ষার্থীর ক্ষেত্রের ভর্তির বয়স শিথিলযোগ্য।

## ● ভর্তি নির্দেশিকা

- **ভর্তি আবেদন:** ভর্তির আবেদন করার জন্য আল-জামি'আহ আস-সালাফিয়্যাহর নিজস্ব ওয়েবসাইট www.jamiah.nirf.org.bd -তে গিয়ে অনলাইনে নির্ধারিত ফি পেমেন্ট করে আবেদন সম্পন্ন করতে হবে।
- অনলাইনে আবেদনের সকল নিয়ম উপরোক্ত ওয়েবসাইটেই পাওয়া যাবে।
- ভর্তি পরীক্ষা (মৌখিক ও লিখিত): ১ জানুয়ারী, ২০২৫ (সকাল ০৯.০০ ঘটিকা ইনশা-আল্লাহ)।
- ভর্তি পরীক্ষার ফলাফল: ১ জানুয়ারী, ২০২৫ (বিকাল ০৫ টায় ইনশা-আল্লাহ)।

## ● ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের করণীয়

ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ০২ জানুয়ারী, ২০২৫ থেকে ০৫ জানুয়ারী, ২০২৫ তারিখের মধ্যে নিম্নোক্ত তথ্যাবলি জমাদানপূর্বক সম্পূর্ণ ফি পরিশোধ করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে:

১. অনলাইন থেকে প্রাপ্ত আবেদন ফরমের প্রিন্টেড কপি।

২. জন্মনিবন্ধন কার্ড/জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

৩. সদ্য তোলা পাসপোর্ট সাইজের দুই কপি ছবি (টুপি ও পাঞ্জাবী পরিহিত এবং মেয়েদের ক্ষেত্রে মুখ খোলা রেখে হিজাব পরিহিতা।)

৪. পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

৫. নাগরিকত্ব সনদপত্রের ফটোকপি।

- পূর্বের প্রতিষ্ঠানের ছাড়পত্র। (প্রযোজ্য ক্ষেত্রে)
- প্রশংসাপত্রের ফটোকপি। (প্রযোজ্য ক্ষেত্রে)
- নম্বরপত্রের ফটোকপি। (প্রযোজ্য ক্ষেত্রে)

**ইয়াতীম শিক্ষার্থীর ক্ষেত্রে অতিরিক্ত তথ্যাবলি:**

৬. পিতার মৃত্যু সনদ।

৭. বর্তমান অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

- ইয়াতীম বিভাগে ভর্তির জন্য বয়স ১৬ বছরের নিচে হওয়া আবশ্যক।
- প্রয়োজনীয় সকল কাগজপত্র স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক সত্যায়িত হওয়া আবশ্যক।
- ভর্তির সময় বর্তমান অভিভাবকের উপস্থিত থাকা আবশ্যক।

## • একনজরে ভর্তির ধারাবাহিক প্রক্রিয়া •

| | |
|---|---|
| ভর্তির আবেদন (শুধু অনলাইনে) | : ০১ ডিসেম্বর থেকে ৩০ ডিসেম্বর, ২০২৪ পর্যন্ত। |
| ভর্তি পরীক্ষা (মৌখিক ও লিখিত) | : ১ জানুয়ারী, ২০২৫, (সকাল ০৯ টা হতে বিকাল ০৩ টা পর্যন্ত)। |
| ভর্তি পরীক্ষার ফলাফল | : ১ জানুয়ারী, ২০২৫ (বিকাল ০৫ টা)। |
| ভর্তি (পুরাতন) | : ২২ ডিসেম্বর থেকে ২৮ ডিসেম্বর, ২০২৪ পর্যন্ত। |
| ভর্তি (নতুন) | : ০২ জানুয়ারী, ২০২৫ থেকে ০৫ জানুয়ারী, ২০২৫। |
| আবাসিক সীট ও শ্রেণি-শাখা বণ্টন | : ০৬ জানুয়ারী, ২০২৫। |
| ক্লাস শুরু | : ০৭ জানুয়ারি, ২০২৫ (রোজ: বুধবার)। |

# • খাদ্য তালিকা •

## ❖ রাজশাহী:

| বার | সকাল | দুপুর | রাত্রি |
|---|---|---|---|
| শনিবার | খিচুড়ি | ভাত, ডিম ও ডাল | ভাত, ডাল ও সবজি ঘণ্ট |
| রবিবার | খিচুড়ি | ভাত, মাছ ও ডাল | ভাত, ভাজি ও ডাল |
| সোমবার | ভাত, ডাল+ভাজি | ভাত, মুরগির গোশত ও ডাল | ভাত, ডাল ও সবজি ঘণ্ট |
| মঙ্গলবার | খিচুড়ি | ভাত, ডিম/ডিম-সবজি ও ডাল | ভাত, ভাজি ও ডাল |
| বুধবার | খিচুড়ি | ভাত, আলু দিয়ে মুরগির গোশত ও ডাল | ভাত, ডাল ও সবজি ঘণ্ট |
| বৃহস্পতিবার | ভাত, ডাল+ভর্তা | ভাত, মাছ ও ডাল | ভাত, ভাজি ও ডাল |
| শুক্রবার | খিচুড়ি | ভাত, গরুর গোশত ও ডাল (মাসে ১ দিন বিরিয়ানি) | ভাত, ডাল ও সবজি ঘণ্ট |

**বি.দ্র. রুচির পরিবর্তন অনুযায়ী খাদ্য তালিকা পরিবর্তনযোগ্য।**

## ❖ নারায়ণগঞ্জ:

| বার | সকাল | দুপুর | রাত্রি |
|---|---|---|---|
| শনিবার | খিচুড়ি | ভাত, ডিম ও ডাল | ভাত, মুগডালসহ সবজি |
| রবিবার | ভাত, ডাল+ভাজি | ভাত, মাছ ও ডাল | ভাত, সবজি+ডাল |
| সোমবার | খিচুড়ি | ভাত, গরুর গোশত ও ডাল | ভাত, ভাজি+ডাল |
| মঙ্গলবার | ভাত, ডাল+ভাজি | ভাত, ডিম ও ডাল | ভাত, সবজি+ডাল |
| বুধবার | খিচুড়ি | ভাত, মুরগির গোশত ও ডাল | ভাত, ভাজি+ডাল |
| বৃহস্পতিবার | ভাত, ডাল+ভাজি | ভাত, মাছ ও ডাল | ভাত, সবজি+ডাল |
| শুক্রবার | ভাত, ডাল+ভর্তা | ভাত, মুরগির গোশত ও ডাল | ভাত, ভাজি+ডাল |

**বি.দ্র. রুচির পরিবর্তন অনুযায়ী খাদ্য তালিকা পরিবর্তনযোগ্য।**

## ❖ দিনাজপুর:

| বার | সকাল | দুপুর | রাত্রি |
|---|---|---|---|
| শনিবার | খিচুড়ি | ভাত, ডিম ও ডাল | ভাত, ডাল ও সবজি ঘণ্ট |
| রবিবার | খিচুড়ি | ভাত, মাছ ও ডাল | ভাত, ভাজি ও ডাল |
| সোমবার | ভাত, ডাল+ভাজি | ভাত, মুরগির গোশত ও ডাল | ভাত, ডাল ও সবজি ঘণ্ট |
| মঙ্গলবার | খিচুড়ি | ভাত, ডিম/ডিম-সবজি ও ডাল | ভাত, ভাজি ও ডাল |
| বুধবার | খিচুড়ি | ভাত, আলু দিয়ে মুরগির গোশত ও ডাল | ভাত, ডাল ও সবজি ঘণ্ট |
